গাংনীতে শিক্ষকের বিরুদ্ধে ভিক্ষুকের টাকা আত্মসাতের অভিযোগ

গাংনীর জোড়পুকুরিয়া জেটিএস মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হামিদুল ইসলামের বিরুদ্ধে ভিক্ষুকের টাকা আত্নসাতের অভিযোগ উঠেছে।

জমি বিক্রির নগদ এক লাখ টাকাসহ অন্ততঃ দুই লাখ টাকার মালামাল আত্মসাত করে বাড়ি থেকে বিতাড়িত করা হয়েছে বলে অভিযোগ করেছেন হাজেরন নেছা নামের এক ভিক্ষুক। টাকা ফেরত পেতে বিভিন্ন মহলের দ্বারে দ্বারে ঘুরেও কোন লাভ হয়নি।

ভিক্ষুক হাজেরন নেছা জানান, এ উপজেলার ভবানীপুর গ্রাম ছেড়ে বছর দশেক আগে তিনি শিক্ষক হামিদুলের বাড়ি তেরাইল গ্রামে আশ্রয় নেন। সেসময় তাকে একটি ঘর করে দিবেন ও যতদিন বাঁচবেন ততোদিন খাবারসহ যাবতীয় ভার বহন করবেন বলেও প্রতিশ্রুতি দেন।

সেসময় বৃদ্ধার কাছে থাকা জমি বিক্রির এক লাখ টাকা নিয়ে নেন এবং ১০ বছর যাবত বিভিন্ন গ্রাম থেকে ভিক্ষার টাকা ও ধান চাল বিক্রির যাবতীয় অর্থ হাতিয়ে নেন।

মাস দুয়েক আগে শিক্ষক হামিদুলের স্ত্রী ওই ভিক্ষুকের সাথে অসদাচরণ করেন এবং হামিদুলসহ পরিবারের লোকজন ভিক্ষুককে বাড়ি থেকে তাড়িয়ে দেন। নগদ টাকাসহ দশ বছরের ভিক্ষার টাকা ফেরত চাইলে হামিদুল মারমুখি হন। তাছাড়া বাড়িতে প্রবেশ করতে বাঁধা দেন। ভিক্ষুক হাজেরন অনুনয় বিনয় করে টাকা চাইলেও তা দেয়া হয়নি।

এব্যাপারে বিভিন্ন মিডিয়ার সাংবাদিকগণ হামিদুলের কাছে বিষয়টি জানতে চান এবং এক পর্যায়ে কিছু টাকা নেয়ার কথা স্বীকার করেন। হামিদুল ওই বৃদ্ধার একটি ঘরের ব্যবস্থা করে দেয়া ছাড়াও কিছু টাকা ফেরত দেয়ার প্রতিশ্রুতি দেন এবং এক সপ্তাহ সময় চান। বৃদ্ধা রাজি হবার মাস খানেক পেরিয়ে গেলেও আজও কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। ঠাঁই মেলেনি ওই বৃদ্ধার।

স্থানীয় লোকজন জানান, ভিক্ষুক হাজেরন ভিক্ষা করে বিভিন্ন গ্রামে

জমা রাখতেন। পরে হামিদুল ভ্যানযোগে তা নিয়ে বিক্রি করতেন। প্রতিদিনের ভিক্ষার টাকা তুলে দিতে হতো হামিদুলের হাতে। হাজেরনের টাকায় নিজের বাড়ি তৈরী করেছেন ওই শিক্ষক। নতুন ঘরে ওঠার সাথে সাথে শিক্ষক হামিদুল বদলে যান এবং ভিক্ষুককে তাড়িয়ে দেন।

বিষয়টি জানার জন্য সাংবাদিকগণ শিক্ষক হামিদুলের সাথে মুঠো ফোনে যোগাযোগের চেষ্টা করলেও তিনি ফোনটি রিসিভ করেন নি।

অভিযুক্ত হামিদুল ইসলাম জানান, স্থানীয় একটি গোষ্ঠীর সাথে আমার পূর্ব শত্রুতা থাকায় ওই গোষ্ঠিটি ভিক্ষুককে দিয়ে একটি মিথ্যা গল্প বানিয়েছে।ভিক্ষুক আমার বাড়িতে থাকতো। সে যা ভিক্ষা করে নিয়ে এসেছিল সেটা তার রাখা ডাইরিতে লেখা আছে।ঈদের পর দিন আমার বাড়ি থেকে চলে গেছে সে। পরের দিন তার কিছু চাল ডাল ছিল সেগুলোও নিয়ে গেছে। কয়েক হাজার টাকা আছে সে আসলেই টাকাটা দিয়ে দেবো।এর মধ্যে ওই গোষ্ঠিটি সাংবাদিকদের দিয়ে মিথ্যা গল্প বানিয়ে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। আমি এই মিথ্যা সংবাদের তীব্র নিন্দা জানাচ্ছি।

স্মার্টফোনের গতি কমায় যেসব অ্যাপ

শখের বসে নামকরা ব্র্যান্ডের দামি স্মার্টফোন কিনেছিলেন আনিলা তাবাসসুম। বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাপ ব্যবহারের পাশাপাশি ইউটিউব এবং ছবি সম্পাদনার কাজেই বেশি মুঠোফোন ব্যবহার করেন তিনি। কিন্তু কেনার কিছুদিন পরই তাঁর মুঠোফোনটির গতি যায় কমে। শুধু তা–ই নয়, অ্যাপ চালু হতে বেশি সময় নেওয়ার পাশাপাশি মাঝেমধ্যেই মুঠোফোনটির কার্যক্রম বন্ধ হয়ে যায়। আনিলা তাবাসসুমের মতো এ সমস্যা আমাদের অনেকেরই হয়ে থাকে। কিন্তু কেন হয়

এ সমস্যা? কারণ, শখের বসে বা কাজের প্রয়োজনে আমরা মুঠোফোনে যেসব অ্যাপ ইনস্টল করেছি সেগুলোর বেশ কয়েকটি ব্যবহার না করলেও স্বয়ংক্রিয়ভাবে চলতে থাকে। ফলে আমাদের মুঠোফোনের গতি কমে যায়।

মুঠোফোনে স্বয়ংক্রিয়ভাবে চালু থাকা অ্যাপগুলো নিচে দেওয়া হলো।

মুঠোফোনে ইনস্টল থাকা অ্যাপ
নতুন কেনা মুঠোফোনে বেশ কিছু অ্যাপ ইনস্টল করে দেয় নির্মাতা প্রতিষ্ঠানগুলো। আগে থেকে ইনস্টল করা অ্যাপগুলোকে বলা হয় ব্লোটওয়্যার। অ্যাপগুলো আমরা ব্যবহার না করলেও মুঠোফোনে চালু থাকায় অতিরিক্ত মেমোরি খরচ হতে থাকে। যেসব অ্যাপ মুঠোফোনের সিস্টেমের সঙ্গে যুক্ত নয়, সেগুলো মুছে ফেললে মেমোরির ওপর চাপ কমবে। ফলে গতি বাড়বে মুঠোফোনের।

স্ন্যাপচ্যাট
মুঠোফোনের গতি কমানো অ্যাপগুলোর মধ্যে শীর্ষে রয়েছে জনপ্রিয় বার্তা বিনিময়ের অ্যাপ স্ন্যাপচ্যাট। আপনি ব্যবহার না করলেও অ্যাপটি সব সময় চালু থাকে এবং আপনার অবস্থানের তথ্য সংগ্রহ করতে থাকে। ফলে বেশি মেমোরি ব্যবহারের পাশাপাশি মুঠোফোনের ব্যাটারির ক্ষমতাও কমিয়ে দেয় অ্যাপটি। এ জন্য স্ন্যাপচ্যাটের লাইভ লোকেশন সুবিধা ব্যবহার না করাই ভালো। লাইভ লোকেশন বন্ধ করার জন্য স্ন্যাপচ্যাটের Settings অপশনে প্রবেশ করে Who Can ট্যাব থেকে See My Location-এ Ghost Mode নির্বাচন করতে হবে।

ফেসবুক
মুঠোফোনে আমরা প্রায় সবাই ফেসবুক ব্যবহার করি। কিন্তু সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাপটি আমাদের মুঠোফোনের গতি কমিয়ে দেয়। চালু না থাকলেও অ্যাপটি আপনার সব তথ্য সব সময় সংগ্রহ করতে থাকে। মুঠোফোনে চালু থাকায় মেমোরি ব্যবহারের পাশাপাশি ব্যাটারির চার্জও দ্রুত কমিয়ে দেয় অ্যাপটি।

মেসেঞ্জার ও ইনস্টাগ্রাম
ফেসবুকের মতোই সব সময় চালু থাকে মেসেঞ্জার ও ইনস্টাগ্রাম। অর্থাৎ আপনি লগ–ইন না করলেও সেগুলো গোপনে মুঠোফোনে চালু থাকে এবং আপনার তথ্য নিয়মিত সংগ্রহ করে।

ম্যাপস অ্যাপ
পথের ঠিকানা বা রাস্তায় জ্যামের তথ্য জানতে আমরা অনেকেই অ্যাপল ম্যাপস ও গুগল ম্যাপস ব্যবহার করি। অ্যাপগুলো সব সময় আমাদের অবস্থান শনাক্ত করতে থাকে। কারণ, অ্যাপগুলোর প্রধান কাজই হচ্ছে আপনার অবস্থান জেনে কাঙ্ক্ষিত গন্তব্যের পথের ঠিকানা জানানো।

ফলে মুঠোফোনের মেমোরি ও ব্যাটারি বেশি খরচ হয়।

ইউটিউব ও নেটফ্লিক্স
মুঠোফোনে ইউটিউব ও নেটফ্লিক্স অনেকেই ব্যবহার করেন। ভিডিও স্ট্রিমিং অ্যাপগুলো মুঠোফোনের ব্যাটারি সবচেয়ে বেশি খরচ করে। শুধু তা–ই নয়, চালু না করলেও গোপনে সব সময় ব্যবহারকারীদের বিভিন্ন তথ্য সংগ্রহ করতে থাকে। কারণ, ব্যবহারকারীদের অবস্থান এবং আগ্রহ পর্যালোচনা করেই মূলত ভিডিও দেখার পরামর্শ দিয়ে থাকে অ্যাপগুলো। এ ছাড়া অনলাইনে ভিডিও দেখার সময় দ্রুত গতির ইন্টারনেট প্রয়োজন হওয়ায় মেমোরি বেশি ব্যবহার হয়, ফলে মুঠোফোনের গতি কমে যায়।

ক্লিন মাস্টার
মুঠোফোনে অপ্রয়োজনীয় ফাইল মুছতে অনেকেই ক্লিন মাস্টারসহ বিভিন্ন অ্যাপ ব্যবহার করেন। তথ্য মুছে দেওয়ার কথা বললেও ক্লিন মাস্টার অ্যাপটি আপনার মুঠোফোন থেকে গোপনে তথ্য সংগ্রহ করে পাচার করতে থাকে। শুধু তা–ই নয়, ম্যালওয়্যার ছড়িয়ে মুঠোফোনের গতিও কমিয়ে দেয়। আর তাই অপ্রয়োজনীয় ফাইল মোছার জন্য অ্যাপটি ব্যবহার না করাই ভালো।

সমাধান হবে যেভাবে
মুঠোফোনে থাকা অপ্রয়োজনীয় অ্যাপগুলো আন-ইনস্টল করে নিন। আন-ইনস্টল না হলে বা আপনি করতে না চাইলে অবশ্যই মুঠোফোনের ব্যাকগ্রাউন্ডে অ্যাপগুলোর কার্যক্রম বন্ধ করতে হবে। এ জন্য প্রথমে মুঠোফোনের সেটিংস থেকে Connections-এ ক্লিক করে Mobile data usage অপশনে যেতে হবে। এবার অ্যাপ নির্বাচন করে নিচে থাকা Allow background data usage–এর পাশে থাকা টগল বন্ধ করতে হবে। নিয়মিত ক্যাশ ফাইল মুছে ফেলেও মুঠোফোনের গতি বাড়ানো যায়। এ জন্য মুঠোফোনের সেটিংস থেকে Apps & notifications অপশন নির্বাচন করে all apps–এ ক্লিক করতে হবে। এবার অপ্রয়োজনীয় বা সন্দেহজনক অ্যাপ নির্বাচন করে Storage & cache অপশন থেকে Clear cache–এ ক্লিক করতে হবে।

সারা দেশে নিয়োগ দেবে বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ট্রেইনি অ্যাসিস্ট্যান্ট অফিসার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম : ট্রেইনি অ্যাসিস্ট্যান্ট অফিসার – ক্যাশ এরিয়া।

শিক্ষাগত যোগ্যতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। শিক্ষা জীবনে তৃতীয় বিভাগ থাকা যাবে না। যোগাযোগ দক্ষতা থাকতে হবে। কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। অনলাইন সফটওয়্যার মডিউল সম্পর্কে জানাশোনা থাকতে হবে। এমএস অফিস, ইন্টারনেট ও ই-মেইল বিষয়ে জানাশোনা থাকতে হবে। অনূর্ধ্ব ৩০ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে।

কর্মস্থল : সারা দেশ (প্রতিষ্ঠান নির্ধারিত)।

বেতন: আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া : আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ : ৭ জুলাই, ২০২২।

সূত্র : বিডিজবস

যেসব লক্ষণে বুঝবেন শিশুর কৃমি, কী করবেন

শিশুরা প্রায় সময়ই পেট ব্যথার কথা বলে থাকে। অনেক সময় চুলকানির কথাও বলে থাকে। কৃমির সমস্যার কারণে এমন হয়ে থাকে।

শিশুর কৃমির লক্ষণ ও করণীয় নিয়ে বিস্তারিত জানিয়েছেন চট্টগ্রাম মেডিকেল কলেজ ও হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. প্রণব কুমার চৌধুরী।

খাদ্যে অরুচি, পেট ব্যথা, পাতলা পায়খানা, বমি বমি ভাব, পায়খানার রাস্তায় চুলকানি ইত্যাদি সমস্যাগুলো প্রায়ই শিশুদের মাঝে দেখা যায়। এগুলো কৃমির লক্ষণ।

সংক্রমণের কারণ: অস্বাস্থ্যকর টয়লেট ব্যবস্থা, অপরিষ্কার ঘরবাড়ি, দূষিত পানির ব্যবহার, টয়লেট শেষে ভালোভাবে হাত না ধোয়া, খাবার তৈরি বা গ্রহণের আগে হাত পরিষ্কার না করা, হাতের নখ বড় রাখা, দাঁত দিয়ে নখ কাটা ইত্যাদি।

কৃমির প্রকারভেদ ও স্বাস্থ্য সমস্যা: বিভিন্ন প্রকার কৃমির মধ্যে গোলকৃমি, ফিতা কৃমি ও গুঁড়া কৃমির প্রাদুর্ভাব বেশি দেখা যায়। কখনও কখনও গোলকৃমি শিশুর নাক-মুখ দিয়ে বেরিয়ে আসে।

এটি শিশুর শ্বাসনালিতেও প্রবেশ করতে পারে। এ ছাড়া এটি শিশুর অন্ত্রে বা পিত্তনালিতে প্রতিবন্ধকতা তৈরি করতে পারে। ফিতা কৃমি শিশুর অন্ত্রে লেগে থেকে রক্তপাত ঘটায়। এতে শিশু ধীরে ধীরে রক্তশূন্য হয়ে পড়ে। পায়খানার রাস্তায় চুলকানির জন্য গুঁড়া কৃমি দায়ী।

কৃমি ও অপুষ্টি : কৃমির কারণে শিশু অপুষ্টিতে আক্রান্ত হয়। কৃমি অন্ত্রে রক্তপাত ঘটিয়ে একদিকে শিশুকে রক্তশূন্য করে আবার অন্ত্রে পুষ্টি উপাদানের পরিপাক ও শোষণে বাধার সৃষ্টি করে ডায়রিয়া ঘটায়।

এভাবে দীর্ঘমেয়াদি সংক্রমণের ফলে শিশুর খাদ্যে অরুচি হয় এবং সে ধীরে ধীরে দুর্বল হয়ে পড়ে। এতে শিশুর শারীরিক ও মানসিক বিকাশ বাধাগ্রস্ত হয়।

চিকিৎসা: Albendayole বা Mebendayole অথবা Pyrental pamoate

দিয়ে সাধারণত শিশুর কৃমির চিকিৎসা করা হয়। আমাদের দেশে বছরে দু’বার জাতীয় টিকা দিবস পোলিও টিকার পাশাপাশি এক বছর থেকে পাঁচ বছরের শিশুদের কৃমিনাশক ওষুধ (Albendyaole) খাওয়ানো হয়।

প্রতিরোধ

* গৃহস্থালির কাজে নিরাপদ ও বিশুদ্ধ পানি ব্যবহার করতে হবে।

* স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

* খাবারের আগে বা টয়লেটের পরে নিয়মিত হাত ধোয়ার অভ্যাস গড়ে তুলতে হবে।

* শিশুদের হাতের নখ বড় রাখা যাবে না এবং দাঁত দিয়ে নখ কাটার অভ্যাস পরিহার করতে হবে।

* সময়মতো কৃমিনাশক ওষুধ গ্রহণ করতে হবে।

* মানুষের অপরিশোধিত মল জমির সার হিসেবে ব্যবহার করা যাবে না।

মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকায় মুজিবনগরে দুই ওষধ ব্যবসায়ীকে অর্থদন্ড

মুজিবনগরে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে দুই ওষধ ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (২১জুন)দুপুরের দিকে মুজিবনগর উপজেলার হাসপাতাল গেটের সিএম মেডিকেল হল ও হামীম ফার্মেসি এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

ওই ফার্মেসী দুটিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে হামীম

ফার্মসীর মালিক হাফিজুর রহমানকে ৩ হাজার টাকা ও সিএম মেডিকেল হলের মালিক একেএম কামরুজ্জামানকে ৩ হাজার টাকা করে দুই ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেন। একই সাথে মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন ওষধ জব্দ করে বিনষ্ট করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ভোক্তাঅধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারা মতে ওই দুই ব্যবসায়ীকে ৬০০০ টাকা অর্থদন্ড করা হয়েছে।

এসময় মেহেরপুর স্যানেটারী পরিদর্শক তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি দল সাথে ছিলেন।

ভারতে আরেক জনপ্রিয় অভিনেত্রীর আত্মহত্যা

ভারতের বিনোদন জগতে একের পর এক দুঃসংবাদ শোনা যাচ্ছে। কিছু দিন আগেই পল্লবী থেকে বিদিশা একাধিক অভিনেত্রীর মৃত্যু ঘিরে চাঞ্চল্য তৈরি হয়েছিল। সেই রেশ কাটতে না কাটতেই ফের একই ঘটনা ঘটল। ভুবনেশ্বরে বাড়ি থেকে উদ্ধার করা হলো ওড়িয়া অভিনেত্রী রশ্মিরেখা ওঝার লাশ। গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন জনপ্রিয় এ অভিনেত্রী।

ভুবনেশ্বরের নায়াপল্লী এলাকায় একটি বাড়িতে ভাড়া থাকতেন ২৩ বছর বয়সি এই অভিনেত্রী। সেখান থেকেই উদ্ধার করা হয় ফ্যানের সঙ্গে ঝুলন্ত লাশ। পাশাপাশি সেই ঘর থেকেই উদ্ধার হয়েছে একটি সুইসাইড নোট। মেয়ের আত্মহত্যা কোনোমতেই মেনে নিতে পারছেন না অভিনেত্রীর বাবা। মেয়ের মৃত্যুর জন্য লিভ ইন পার্টনার সন্তোষ পাত্রকে কাঠগড়ায় দাঁড় করিয়েছেন অভিনেত্রীর বাবা। ইতোমধ্যে পুলিশ তদন্ত শুরু করেছে।

পুলিশের জানিয়েছে, তদন্ত শুরু হয়েছে, পোস্টমর্টেমের রিপোর্টের অপেক্ষায় রয়েছে পুলিশ। প্রাথমিক রিপোর্টে এটি আত্মহত্যাই বলে দাবি পুলিশের।

সুইসাইড নোটে নিজের মৃত্যুর জন্য কাউকেই দায়ী করেননি অভিনেত্রী। রশ্মিরেখার বাবা সংবাদমাধ্যমে বলেন, তার মেয়ের মৃত্যুর জন্য তার বয়ফ্রেন্ডই দায়ী। শনিবার বাবার ফোন রিসিভ করেননি অভিনেত্রী। এর পর সন্তোষই রশ্মিরেখার মৃত্যুর খবর অভিনেত্রীর পরিবারকে জানায়।

স্বামী-স্ত্রীর পরিচয়েই বাড়ি ভাড়া নিয়েছিলেন রশ্মি ও সন্তোষ, এমনটিই জানান বাড়ির মালিক। ওড়িয়া ধারাবাহিকে অভিনয় করেই জনপ্রিয়তা পেয়েছিলেন রশ্মিরেখা।

এনামুলকে জায়গা করে দিতে বাদ পড়বেন কে

দীর্ঘদিন পর ওয়ানডে ও টি ২০ দলে ডাক পেয়েছেন এনামুল হক বিজয়। ইয়াসির আলী রাব্বীর চোটের কারণে পরে টেস্ট দলেও নেওয়া হয়েছে তাকে।

বিসিবির পাঠানো এক ভিডিওতে সোমবার এনামুল হক বলেন, ‘অনেকদিন পর টেস্ট দলের সঙ্গে যুক্ত হয়ে ভালো লাগছে। চেষ্টা করব ভালোভাবে অনুশীলন করে দ্বিতীয় টেস্ট খেলতে। যদি সুযোগ পাই ভালো খেলার চেষ্টা করব।’ ২৪ জুন সেন্ট লুসিয়ায় শুরু হবে দ্বিতীয় ও শেষ টেস্ট। দ্বিতীয়

টেস্টে খেলার সুযোগ পেয়েও যেতে পারেন তিনি। তার আগে নেটে কোচিং স্টাফদের মন জয় করতে হবে তাকে। এনামুলের জায়গা হতে পারে তিন বা চারে। এ দুই পজিশনে নাজমুল হোসেন ও মুমিনুল হক টানা ব্যর্থ। তাদের যে কোনো একজনের বদলে এনামুলকে পরীক্ষা করতে পারে টিম ম্যানেজমেন্ট। প্রথম টেস্টে হারের পর অধিনায়ক সাকিব আল হাসানও এমন ইঙ্গিত দিয়েছেন।

মেহেরপুরে বজ্রপাতে কৃষক নিহত, আহত দুই গৃহবধুসহ ৪ জন

মেহেরপুরে পৃথক স্থানে বজ্রপাতে আবু বক্কর সিদ্দিক (৪৫) নামে এক কৃষক নিহত ও দুই গৃহবধু আহত হয়েছেন। নিহত আবু বক্কর সিদ্দিক মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের রিয়াজ উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (২১ জুন) দুপুরের দিকে এ বজ্রপাতের ঘটনা ঘটে।

এছাড়া আহতরা হলেন একই উপজেলার গোপালপুর গ্রামের আব্দুস সালামের স্ত্রী আঙ্গুরা খাতুন (৩০) ও রাজাপুর গ্রামের মজিদুল ইসলামের স্ত্রী কহিনুর বেগম (২৫), রাধাকান্তপুর গ্রামের কৃষক আহসান আলী
(৪০) ও রহমতুল্লাহ ।

আহত আঙ্গুরা ও কহিনুরের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল সুমন।

স্থানীয়রা জানান, কৃষক আবু বক্কর সিদ্দিক স্থানীয় মাঠে ধান রোপন করছিলেন। ঝুম বৃষ্টির সাথে বজ্রপাত হলে আবু বক্কর সিদ্দিক গুরুতর আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল সুমন জানান, আহত দুই নারীর অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের।

বিনামূল্যে পেঁয়াজ বীজ ও

রাসায়নিক সার বিতরণ

কৃষিই সমৃদ্ধি-এই স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ হলরুমে সোমবার সকাল ১১টায় কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ /২০২২-২০২৩ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার কানিজ ফাতেমা লিজা এর সভাপতিত্বে বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক কৃষিবিদ মো: আজগর আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু প্রমুখ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান বিশ্বাস।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার ড, মাহফুজুর রহমান এবং পরিচালনা করেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আবুল হাসনাত।

অনুষ্ঠানে ৫০০ জন কৃষকদের মাঝে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়। কৃষক প্রতি গ্রীষ্মকালীন ঘ-৫৩ ভ্যরাইটির এক কেজি পেঁয়াজ বীজ ও ২০ কেজি পটাশ এবং ২০ কেজি ডিএপি সার, পলিথিন, বিভিন্ন উপকরণ সহ ২৮০০ টাকা বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে আগত অতিথিবৃন্দ ফলমেলা ২০২২ উদ্বোধন করেন।

বামন্দী বাজারের দৈত্যকার বট

গাছটি এখন মরণ ফাঁদ

মেহেরপুরে জেলার বাণিজ্যিক নগরী বামন্দী। ব্যাস্ততম এই উপশহরে প্রতিদিনই বিভিন্ন এলাকার হাজার হাজার মানুষ বিভিন্ন কাজে কর্মে আসেন। বামন্দী শহরের ব্যাস্ততম এ মোড়ে প্রতিদিন শত শত যানবাহন ও মানুষ চলাচল করে থাকে।

বামন্দী বাজারের প্রাণকেন্দ্রে ব্যাংক এশিয়ার সামনে দৈত্যকার সেই শতবর্ষী মৃত বটগাছটি এখন এলাকার মানুষের জন্য মরণফাঁদে পরিণত হয়েছে। ঝুঁকিপূর্ণ গাছটি ভেঙ্গে পড়ে যে কোনো সময় ঘটতে পারে মর্মান্তিক দূর্ঘটনা।

ইতোমধ্যে গাছটির কয়েকটি শাখা ডাল ভেঙ্গে পড়েছে। যেকোন সময় ভেঙ্গে পড়তে পারে অবশিষ্ট ডালগুলো। গাছটি ভেঙ্গে পড়লে জান মালের ক্ষতি সাধিত হতে পারে বলে জানালেন স্থানীয় ব্যবসায়ীরা।

বামন্দী বাজারের স্থানীয় ক্রোকারিজ ব্যবসায়ী আসাদুজ্জামান স্বপন বলেন, গাছটি অনেক আগেই মারা গেছে। এটি দীর্ঘদিন যাবৎ এভাবে দাঁড়িয়ে থাকায় এখন ঝুঁকিপূর্ণ হয়ে গেছে।

স্থানীয় হার্ডওয়্যার ব্যবসায়ী আব্দুল মালেক চপল বিশ্বাস জানান, গাছটি কেটে অপসারণের জন্য প্রশাসনের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। অনতিবিলম্বে কেটে অপসারণ না করা হলে যে কোনো সময় ঘটতে পারে প্রাণহানির মত ঘটনা। বিষয়টি গাংনী উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

স্থানীয় ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল বলেন, আমি ঢাকাতে এসেছি। ফিরে এসেই উপজেলা প্রশাসনের সাথে কথা বলে প্রয়োজনীয় পদক্ষেপ নেবো।